# রাজারচর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ

## রেজিঃ নং- ২৯বিডি, তারিখ- ০২/০৭/২০১৫ খ্রিঃ

## সংশোধিত রেজিঃ নং- ০০১বিডি, তারিখ- ০৯/০১/২০২৪ খ্রিঃ

## গ্রাম/মহল্লা:-রাজারচর ডাক: সাহেবেরহাট

## উপজেলা: বরিশাল সদরজেলা: বরিশাল।

## নির্বাচনী তফসিল-২০২৬

এতদ্বারা রাজারচর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর সকল সদস্যসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সমিতির ব্যবস্থাপনা কমিটির ১৭/০৭/২০২৬ খ্রিঃ তারিখের সিদ্ধান্ত মোতাবেক আগামী ১৮/০৯/২০২৬ খ্রিঃ তারিখ রোজ শুক্র বার সকাল ০৯.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত (বিরতিহীনভাবে) রাজারচর মাধ্যমিক ও সরকারী প্রথমিক বিদ্যালয় প্রাঙ্গনে বিশেষ সভায় নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচনে ০৯(নয়) সদস্য বিশিষ্ট ব্যবস্থাপনা কমিটি সমিতির সদস্যদের প্রত্যক্ষ ভোটে নির্বাচিত হবেন। উক্ত নির্বাচন সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষে জেলা সমবায় কার্যালয়, বরিশাল মহোদয়ের ০৩/০৮/২০২৬ খ্রিঃ তারিখের ৪৭.৬১.০৬০০.০০০.৩৬.০০০৪.২২.৪৬৩/১(৫) নং স্মারকের প্রেক্ষিতে নির্বাচন কমিটি কর্তৃক ০৮/০৮/২০২৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী নিম্নরুপভাবে নির্বাচনী তফসিল ঘোষণা করা হলো ঃ

| ক্রঃ নং | কর্মসূচী | তারিখ | সময় | স্থান | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|
| ১ | মনোনয়ন পত্র সংগ্রহ | ১৮/০৮/২০২৬ খ্রিঃ ও ১৯/০৮/২০২৬ খ্রিঃ | সকাল ১০ টা হতে বেলা ০১ টা পর্যন্ত | সমিতির কার্যালয় | নির্বাচন কমিটি |
| ২ | মনোনয়ন পত্র দাখিল | ২৩/০৮/২০২৬ খ্রিঃ | সকাল ১০ টা হতে বেলা ০১ টা পর্যন্ত | সমিতির কার্যালয় | নির্বাচন কমিটির |
| ৩ | মনোনয়ন পত্র বাছাই | ২৫/০৮/২০৬ খ্রিঃ | বেলা ০২ টা | সমিতির কার্যালয় | নির্বাচন কমিটি |
| ৪ | বাছাই শেষে বৈধ মনোনয়ন পত্রের প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ | ২৭/০৮/২০২৬ খ্রিঃ | বিকাল ০৩ টা | সমিতির কার্যালয় | নির্বাচন কমিটি |
| ৫ | প্রাথমিক খসড়া তালিকায় অন্তর্ভুক্ত কোন প্রার্থীর মনোনয়ন পত্রের বিষয়ে আপত্তি কিংবা বাতিলকৃত প্রার্থীর আপীল আবেদন দাখিল | ৩০/০৮/২০২৬ খ্রিঃ ও ৩১/০৮/২০২৬ খ্রিঃ | অফিস চলাকালীন সময় পর্যন্ত | জেলা সমবায় কার্যালয়, বরিশাল। | জেলা সমবায় কার্যালয়, বরিশাল। |
| ৬ | আপীলের শুনানী | ০১/০৯/২০২৬ খ্রিঃ ০২/০৯/২০২৬ খ্রিঃ ও ০৩/০৯/২০২৬ খ্রিঃ | আপীলের শুনানী কর্তৃপক্ষ কর্তৃক নিধারিত সময় | জেলা সমবায় কার্যালয়, বরিশাল। | জেলা সমবায় কার্যালয়, বরিশাল। |
| ৭ | আপীল শুনানী শেষে চুড়ান্তভাবে বৈধ প্রার্থীর তালিকা প্রকাশ | ০৬/০৯/২০২৬ খ্রিঃ | সকাল ১০ টা | সমিতির কার্যালয় | নির্বাচন কমিটি কর্তৃক। |
| ৮ | প্রার্থীর মনোনয়ন পত্র প্রত্যাহার | ০৭/০৯/২০২৬ খ্রিঃ | সকাল ১০ টা হতে বেলা ১২ টা পর্যন্ত | সমিতির কার্যালয় | নির্বাচন কমিটি |
| ৯ | চুড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ | ০৮/০৯/২০২৬ খ্রিঃ | বেলা ০১ টা | সমিতির কার্যালয় | নির্বাচন কমিটি |
| ১০ | প্রতিদ্বন্দ্বি প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দ | ১০/০৯/২০২৬ খ্রিঃ | বেলা ১.৩০ মিনিট | সমিতির কার্যালয় | নির্বাচন কমিটি |
| ১১ | ভোট গ্রহণ | ১৮/০৯/২০২৬ খ্রিঃ | সকাল ০৯.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত (বিরতিহীন ভাবে) | রাজারচর মাধ্যমিক ও সরকারী প্রথমিক বিদ্যালয় প্রাঙ্গনে | নির্বাচন কমিটি |
| ১২ | ভোট গণনা ও নির্বাচনী ফলাফল ঘোষণা | ১৮/০৯/২০২৬ খ্রিঃ | ভোট গ্রহণ শেষে | রাজারচর মাধ্যমিক ও সরকারী প্রথমিক বিদ্যালয় প্রাঙ্গনে | নির্বাচন কমিটি |

## নির্বাচন সংক্রান্ত জ্ঞাতব্য বিষয়াদি ঃ

১। সমিতির ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকরণে আগ্রহী প্রার্থীকে মনোনয়ন পত্র নির্বাচন কমিটির নিকট থেকে সংগ্রহকালে মনোনয়ন পত্রের নির্ধারিত মূল্য সকল পদে অফেরতযোগ্য সভাপতি পদে ঃ-৫,০০০ টাকা, সহ-সভাপতি পদে ঃ -৪,০০০ টাকা, সম্পাদক পদে ঃ-৩,০০০ টাকা, কোষাধ্যক্ষ পদেঃ-২৫০০ টাকা, ও সদস্য পদে ঃ -২,০০০ টাকা মূল্য জমা দিয়ে রশিদ/ প্রমাণক গ্রহণ করতে হবে এবং মনোনয়ন পত্র দাখিলের সময় রশিদের/প্রমাণকের মূলকপি সংযুক্ত করতে হবে। সমিতি কর্তৃক ইস্যুকৃত মনোনয়ন পত্র ব্যতীত অন্য কোন প্রকারের মনোনয়ন পত্র বা উহার ফটোকপি গ্রহণ যোগ্য হবে না।

২। ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য প্রার্থীকে পাসপোর্ট সাইজের ছবি সংশ্লিষ্ট সমিতির সভাপতি বা নির্বাহী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত এবং জেলা/উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

৩। সমবায় সমিতি আইন,২০০১(সংশোধিত,২০০২ও ২০১৩) এর ১৭(৬) ও ১৯ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা,২০০৪ এর ২৪ বিধি অনুযায়ী যোগ্য হতে হবে।

৪। ব্যবস্থাপনা কমিটির কোন পদে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য সংশ্লিষ্ট সমিতির সদস্য সমবায় সমিতি আইন,২০০১ (সংশোধিত, ২০০২ ও সংশোধিত, ২০১৩) এর ১৭(৬), ১৮(৮) ও ১৯(১) ধারা এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ২৪ ও ৮৮ এবং অত্র সমিতির উপ-আইন (সর্বশেষ সংশোধিত উপ- আইন যদি থাকে) মোতাবেক যোগ্য কিনা সে বিষয়ে সংশ্লিষ্ট সমিতির কর্তৃপক্ষের নিকট থেকে প্রত্যয়ন পত্র গ্রহণ করতে হবে এবং উহা সংশ্লিষ্ট উপজেলা সমবায় অফিসার যাচাই পূর্বক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

৫। মনোনয়ন পত্র নির্ভুল ভাবে পূরণকৃত বর্ণিত তফসিল মোতাবেক নির্ধারিত তারিখে নির্বাচন কমিটির নিকট দাখিল করতে হবে। মনোনয়ন পত্রে প্রার্থীর স্বাক্ষর সমিতির সভাপতি/সম্পাদক কর্তৃক সত্যায়িত হতে হবে এবং উহাতে সমিতির সীল মোহর থাকতে হবে। নির্ধারিত সময়ের পর দাখিলকৃত কিংবা ডাকযোগে প্রেরিত মনোনয়ন পত্র গ্রহণযোগ্য হবে না।

৬। একই ব্যক্তি একাধিক পদে ব্যবস্থাপনা কমিটির সদস্য পদে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবে না।

৭। অসম্পূর্ণ ঘষা মাজা ভুল কিংবা মিথ্যা তথ্য সম্বলিত এবং সমবায় সমিতি আইন,২০০১ (সংশোধিত,২০০২ ও সংশোধিত,২০১৩ ) ও সমবায় সমিতি বিধিমালা,২০০৪ ও সংশোধিত,২০২০ মোতাবেক অযোগ্য প্রার্থীর মনোনয়ন পত্র বাতিল বলে গণ্য হবে।

৮। সমবায় সমিতি আইন,২০০১ (সংশোধিত- ২০০২ ও সংশোধিত-২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ ও সংশোধিত,২০২০ এর সংশ্লিষ্ট ধারা ও বিধি এবং অত্র সমিতির উপ আইন অনুসরন পূর্বক নির্বাচন পরিচালনা করা হবে এবং নির্বাচন পরিচালনার ক্ষেত্রে নির্বাচন কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ হবে।

৯। ভোটাধিকার প্রয়োগের ক্ষেত্রে সমবায় সমিতি আইন,২০০১(সংশোধিত,২০০২ ও সংশোধিত,২০১৩) এর ৩৭ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা,২০০৪ ও সংশোধিত,২০২০ এর ৮৭ ও ৮৮ বিধি অনুসরন করতে হবে।

১০। নির্বাচন সংক্রান্ত কোন তথ্যের প্রয়োজন হলে নির্বাচন কমিটিন সভাপতির সাথে যোগাযোগ করা যেতে পারে।

১১। মনোনয়ন পত্র বাছাই, প্রতীক বরাদ্দ ও অন্যান্য কার্যাদি চলাকালীন প্রার্থী বা তার প্রতিনিধি উপস্থিত থাকতে পারবেন।

১২। চুড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভূক্ত সদস্য ব্যতীত কোন ব্যক্তি নির্বাচনে অংশ গ্রহণ বা নির্বাচনে ভোট দিতে পারবেন না।

১৩। নির্ধারিত প্রতীক সমূহঃ ক) সভাপতি পদে ঃ চেয়ার,ছাতা ও মাছ খ) সহ-সভাপতি পদে ঃ তলোয়ার, আনারস ও তালা-চাবি। গ) সম্পাদক পদে ঃ বাই সাইকেল, বই , মই, গোলাপফুল,কাঠাল ,ফ্যান ঘ) কোষাধ্যক্ষ পদেঃ টেলিভিশন, আম,ট্রাক,মটর সাইকেল ঙ) সদস্য পদে ঃ কুড়াল, হাঁস, কলস, মোমবাতি, দেয়াল ঘড়ি, খেজুরগাছ, দোয়াত-কলম,টিউবয়েল ও ফুটবল।

(মো: আবদুল আউয়াল)
সদস্য
নির্বাচন কমিটি,২০২৬
রাজারচর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ
ও
জেলা ব্যবস্থাপক,কালব ,বরিশাল ও ভোলা।
০১৭৩৪০৪১০৭১

(মো: জাকির হোসেন)
সদস্য
নির্বাচন কমিটি,২০২৬
রাজারচর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ
ও
সহকারী পরিদর্শক উপজেলা সমবায় কার্যালয় বরিশাল সদর, বরিশাল।
০১৭৩৩১৩৬৩৪৫

( মো: কামরুল আহসান )
সভাপতি
নির্বাচন কমিটি,২০২৬
রাজারচর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ
ও
উপজেলা সমবায় অফিসার
বরিশাল সদর, বরিশাল।
০১৭২৪৯১৪৬৮৫

স্মারক নং- ০২

তারিখ ঃ ০৮/০৮/২০২৬ খ্রিঃ

অবগতি/সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

১। সভাপতি, ব্যবস্থাপনা কমিটি, রাজারচর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, বরিশাল সদর,বরিশাল। তাঁকে অত্র নির্বাচনী তফসিল ও সংশ্লিষ্ট জ্ঞাতব্য বিষয়াদি নোটিশ বোর্ডে লটকানোসহ সদস্যগণকে আগামী ০৯/০৮/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে অবহিতকরণের জন্য অনুরোধ করা হলো।

২। উপজেলা সমবায় অফিসার, বরিশাল সদর,বরিশাল।

৩। জেলা সমবায় অফিসার, বরিশাল ।

( মো: কামরুল আহসান )
সভাপতি
নির্বাচন কমিটি,২০২৬
রাজারচর কো কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ
ও
উপজেলা সমবায় অফিসার
বরিশাল সদর, বরিশাল।